পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০২	০২	-	-	১টি	১টি	২০%	২টি	২০% হতে ১৩৮%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : কাজ অসম্পূর্ণ থাকা, নতুন এলাকা অর্ন্তভূক্তকরণ, ঋণ কার্যক্রমের আওতা বর্ধিতকরণের কারনেই সময় ও ব্যয় বৃদ্ধি পেয়েছে।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা	সুপারিশ
প্রকল্পের বাস্তবায়নজনিত উল্লেখযোগ্য কোন সমস্যা পরিকলক্ষিত হয়নি। তবে , সুফলভোগীদের সাথে প্রকল্পের জনবলের বিশেষ করে মাঠপর্যায়ের জনবলের ঋণ প্রদান ও ঋণ আদায় জনিত সম্পর্ক ব্যতীত সম্পর্কের বহুমুখীতা যেমন - শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ইত্যাদি দিকে ভাল কোন উদ্যোগ চোখে পড়েনি। ফলে সুফলভোগীদের আর্থিক উন্নয়ন যতটুকু ঘটছে তার সাসটেই নেবিলিটির বিষয়ে সংশয় রয়ে যাচ্ছে। প্রকল্পের ডিজাইনিং এ ত্রুটি রয়েছে। যেমন - বিভিন্ন উপজেলায় বিক্ষিপ্তভাবে ১/২টি কেন্দ্র না নিয়ে যে উপজেলাকে প্রকল্পভূক্ত করা হবে তার দরিদ্র জনসংখ্যার ভিত্তিকে কাম্য সংখ্যায় কেন্দ্র নিয়ে প্রকল্প ডিজাইন করা হয়নি। ফলে জনবলের ব্যবহারও কাম্যমাত্রায় করা সম্ভব হয়নি;	সার্বিক বিবেচনায় প্রকল্পটি দারিদ্র্য বিমোচনে ভূমিকা রয়েছে বলা যায়। এ পরিপ্রেক্ষিতে প্রকল্পটির পরবর্তী পর্যায় গ্রহণ করা হলে দারিদ্র্য বিমোচনে সরকারের লক্ষ্যমাত্রা পূরণে সহায়ক হবে; প্রকল্পের সুফলভোগীদের মাঝে শুধু ঋণ বিতরণ ও ঋণ আদায়ের জন্য প্রকল্পের মাঠ পর্যায়ের জনবলকে সম্পৃক্ত না রেখে রেখে জাতিগঠনমূলক বিভিন্ন বিভাগের সাথে সুফলভোগীদের সংযোগস্থাপন ও মনিটরিং কাজে যুক্ত করা যেতে পারে। এতে সুফলভোগীদের আর্থিক উন্নয়ন টেকসই হবে; বিভিন্ন উপজেলায় বিক্ষিপ্তভাবে প্রকল্প গ্রহণ না করে একটি উপজেলায় দরিদ্র জনগোষ্ঠির কাম্যসংখ্য এ প্রকল্পভূক্ত করা সমীচীন হবে। এক্ষেত্রে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অন্যকোন প্রকল্পের কার্যক্রম এ বিভা গে পরিচালনা সমীচীন হবে না। এতে ওভার লোডিং সমস্যা দূর হবে; এবং পরবর্তীতে এধরণের প্রকল্প গ্রহণ করা হলে সুফলভোগীদের উন্নয়ন চিত্র ডাটা বেইজে সংরক্ষণ করা সমীচীন হবে। এর ফলে প্রকল্পের মনিটরিং ও মূল্যায়ন সহজ হবে;
প্রকল্পের আওতায় নির্মিত মডার্ন হোস্টেল ভবনটি বিদেশ হতে আগত প্রশিক্ষণার্থী ও গবেষকদের বাসস্থান হিসেবে নির্মাণ করা হয়েছে। কিন্তু উক্ত ভবনটির বাথরুম ফিটিংস , দরজা, জানলা আন্তর্জাতিক মানের নয় যা দেশের ভাবমূর্তিকে ক্ষুন্ন করবে।	মডার্ন হোস্টেল ভবনের নিম্ন মানের রাথরুম ফিটিংস, দরজা, লক সিস্টেম ইত্যাদি জরুরী ভিত্তিতে প্রতিস্থাপন করতে হবে; প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহের দরজা, লক সিস্টেম, ছিটকানি, টয়লেটের কমোট, এসি ইত্যাদি নিম্নমানের গ্রহণের বিষয়ে প্রকল্প পরিচালকের ব্যাখ্যা জানা যেতে পারে; এবং প্রকল্পের আওতায় নির্মিত বিভিন্ন ভবনের স্থায়ীত্বের জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ খাতে বরাদ্দ রাখার বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন।

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত জুন,২০১৪)

১। বাস্তবায়নকারী সংস্থা : ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)

২। প্রশাসনিক বিভাগ/মন্ত্রণালয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৩। প্রকল্প এলাকা :

জেলা	উপজেলা
ময়মনসিংহ	ময়মনসিংহ সদর, ফুলপুর, ত্রিশাল, ঈশ্বরগঞ্জ, মুক্তাগাছা ও গৌরীপুর
বগুড়া	বগুড়া সদর, শাজাহানপুর, শিবগঞ্জ, দুপচাচিয়া, নন্দীগ্রাম ও কাহালু
পাবনা	পাবনা সদর, ঈশ্বরদী, সুজানগর, বেড়া ও সাথিয়া
রংপুর	রংপুর সদর, কাউনিয়া, পীরগঞ্জ, মিঠাপুকুর ও গঙ্গাচড়া
কুড়িগ্রাম	কুড়িগ্রাম সদর, ফুলবাড়ি, চিলমারী, রাজারহাট ও উলিপুর
বরিশাল	বরিশাল সদর, বাকেরগঞ্জ, গৌরনদী, মূলাদী, বাবুগঞ্জ ও মেহেন্দিগঞ্জ
ভোলা	ভোলা সদর, দৌলতখান, লালমোহন, তজুমদ্দিন ও বোরহানউদ্দিন
পটুয়াখালী	পটুয়াখালী সদর, বাউফল, দশমিনা, গলাচিপা, মির্জাগঞ্জ ও কলাপাড়া
বরগুনা	বরগুনা সদর, আমতলী, বেতাগী, বামনা ও পাথরঘাটা
কুমিল্লা	কুমিল্লা সদর, চান্দিনা, দেবিদ্বার, লাকসাম, চৌদ্দগ্রাম ও বরুড়া
চাঁদপুর	হাজীগঞ্জ, কচুয়া, ফরিদগঞ্জ, শহরাস্তি ও মতলব

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের%)	অতিকান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
২৪৪৯.০০	২৯৩৮.০০	২৯৩৮.০০	জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪	জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪	জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪	৪৮৯.০০ (২০%)	অতিক্রান্ত হয়নি

৫। প্রকল্পের অর্থায়নঃ জেডিসিএফ - ২৪৪৯.০০ লক্ষ টাকা
জিওবি - ৪৮৯.০০ লক্ষ টাকা

মোট = ২৯৩৮.০০ লক্ষ টাকা

৬। অঙ্গভিত্তিক অগ্রগতি (সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী):

(লক্ষ টাকায়)

অঙ্গের নাম	একক	লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		আর্থিক	বাস্তব (পরিমান/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (পরিমান/ সংখ্যা)
১	২	৩	৪	৫	৬
১। মধ্যবর্তী মূল্যায়ন	সংখ্যা	২.০০	১	২.০০	১
২। অডিও-ভিজ্যুয়াল এইডস ও ডকুমেন্টারিজ	সংখ্যা	২.০০	১	২.০০	১
৩। প্রশিক্ষণ	জন	৬৮.৫০	৫৭২৫	৬৮.৫০	৫৭৩৭
৪। ত্রৈমাসিক পর্যালোচনা কর্মশালা	সংখ্যা	২.৫০	৮	২.৫০	৮
৫। যানবাহন (জীপ)	সংখ্যা	৫১.০০	১	৫১.০০	১
৬। আসবাবপত্র	সংখ্যা	৪৬.১৪	৭০৬	৪৬.১৪	৭.০৬
৭। অফিস সরঞ্জাম (এসি, আইপিএস এবং অন্যান্য)	সংখ্যা	১৭.৫০	থোক	১৭.৫০	৪৩টি
৮। আবর্তক ঋণ তহবিল	থোক	২৭৪৮.৩৬	-	২৭৪৮.৩৬	-
মোট =	**-**	**২৯৩৮.০০**	**-**	**২৯৩৮.০০**	**-**

৭। প্রকল্প অসম্পূর্ণ থাকলে তার তার কারণঃ প্রকল্প দপ্তরের তথ্য মতে প্রকল্পের

৮। প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রমঃ

৮.১। পটভূমিঃ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উদ্যোগে ১৯৭৫-৭৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-এর আওতায় 'ক্ষুদ্র কৃষক ও ভূমিহীন শ্রমিক উন্নয়ন প্রকল্প (এসএফডিপি)' নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটি চারটি পর্যায়ে ১৯৭৫-২০০৪ মেয়াদে সফল বাস্তবায়নের পর ১৯৯৪ খ্রিষ্টাব্দের কোম্পানী আইনের অধীনে ২৭।০৭।২০০৫ তারিখে 'ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন' নামে একটি লিমিটেড কোম্পানীতে রূপান্তর করা হয়। উল্লেখ্য, প্রকল্পটিকে ফাউন্ডেশনে রূপান্তরের বিষয়ে পল্লী উন্নয়নও সমবায় বিভাগ কর্তৃক গঠিত 'টাস্ক ফোর্স' প্রকল্পটিকে মেয়াদ সমাপনান্তে একটি ফাউন্ডেশনে রূপান্তরের সুপারিশ করে। পরবর্তীতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এসএফডিপি এর মাধ্যমে জেডিসিএফ হতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে 'ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন সহায়তা' শীর্ষক একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করে।

৮.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- পল্লী অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র কৃষক পরিবারের পুরুষ/মহিলাদেরকে উৎপাদন, আত্ম-কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের মাধ্যমে তাঁদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনে জামানত বিহীন ক্ষুদ্রঋণ প্রদান;
- প্রকল্পের সুফলভোগীদেরকে (পুরুষ/মহিলা) সাপ্তাহিক সঞ্চয় আমানত জমাকরণের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠণে উদ্বুদ্ধকরণ ও উৎসাহদান;
- সুফলভোগী সদস্য/সদস্যাগণকে উৎপাদন, আত্ম-কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার বিষয়ে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণদান;
- সুফলভোগী সদস্য/সদস্যাগণকে অর্থনৈতিক কার্যক্রমের পাশাপাশি সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম যেমন-ছেলে মেয়েদের শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ ইত্যাদি কার্যক্রমে উদ্বুদ্ধকরণ ও উৎসাহদান; এবং
- ফাউন্ডেশনের আর্থিক ও ব্যবস্থাপনাগত সক্ষমতা উন্নয়ন।

৮.৩। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

ক) পল্লী অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র কৃষক পরিবারের পুরুষ/মহিলাদেরকে নিয়ে গ্রামভিত্তিক কেন্দ্র গঠণ;

খ) জামানত বিহীন ঋণ প্রদান, ঋণ আদায়, ছোট ছোট সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে উদ্বুদ্ধকরণ; এবং

গ) উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান।

৯। **প্রকল্প অনুমোদ ও সংশোধনঃ** প্রকল্পটি ২৪.৪৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০৯ হতে জুন ২০১৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের উদ্দেশ্যে ২৫।০৪।২০১০ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। চলমান এ প্রকল্পের মেয়াদ ও ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্প ব্যয় আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে ১৮।০৫।২০১১ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভার সুপারিশ অনুযায়ী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক প্রকল্পটির ১ম সংশোধন করা হয়। পরবর্তীতে প্রকল্পে নতুন এলাকা অন্তর্ভূক্তকরণ ও ঋণ কার্যক্রমের আওতা বাড়িয়ে মোট ২৯.৩৮ কোটি টাকা ব্যয় প্রাক্কলন করে প্রকল্পের মেয়াদ অপরিবর্তিত রেখে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ০৯।০২।২০১৪ তারিখে প্রকল্পটির ২য় সংশোধন অনুমোদন করা হয়।

১০। **ডিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংকান্ত তথ্য (পিসিআরএর ভিত্তিতে):**

অর্থ বছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়
২০০৯-১০	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	৫০০.০০
২০১০-১১	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	১০০০.০০
২০১১-১২	৯৩৯.০০	৯৩৯.০০	৯৩৯.০০	৯৩৯.০০
২০১২-১৩	৮.০০	৮.০০	৮.০০	৮.০০
২০১৩-১৪	৪৯১.০০	৪৯১.০০	৪৯১.০০	৪৯১.০০
মোট =	**২৯৩৮.০০**	**২৯৩৮.০০**	**২৯৩৮.০০**	**২৯৩৮.০০**

১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	যোগদানের তারিখ		মন্তব্য
		যোগদান	বদলী	
১	২	৪	৬	৭
১। মোঃ ওয়াজেদ আলী খান যুগ্ম-সচিব	খন্ডকালীন	০১.০৭.২০০৯	১৪.০৯.২০১০	অতিরিক্ত দায়িত্ব
২। আবদুল মান্নান যুগ্ম-সচিব	খন্ডকালীন	১৫.০৯.২০১০	২০.১০.২০১০	অতিরিক্ত দায়িত্ব
৩। এ.এইচ.এম. আবদুল্লাহ অতিরিক্ত সচিব	খন্ডকালীন	২০.১০.২০১০	৩০.০৬.২০১৪	অতিরিক্ত দায়িত্ব

১২। **প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণঃ** গত১২/০৪/২০১৫ তারিখ কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার হাড়িখোলা কেন্দ্র এবং ১৬/০৫/২০১৫ তারিখ ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার লাউঘুটনিয়া ক্ষুদ্র কষক উন্নয়ন ফাউন্ডেশন সহায়তা কেন্দ্রের আওতায় প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিদর্শ করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সুফলভোগীদের সাথে মতবিনিময় করা হয়। সুফলভোগীদের সাথে কথা বলে তাঁদের স্থাবর/অস্থাবর সম্পত্তি দেখে তাঁদের অবস্থার গুণগত পরিবর্তন পরিলক্ষিত হয়েছে। এতদসত্ত্বেও সরকারের বিভিন্ন বিভাগ যেমন - কৃষি, মৎস্য, পশুপালন, স্থানীয় সরকার ইত্যাদির সাথে প্রকল্পের বিশেষ সহযোগিতায় সুবিধাভোগীদের নিবিড় সংযোগস্থাপন করলে তাঁদের সার্বিক অবস্থার আরো উন্নয়ন সম্ভব হত। সুবিধাভোগীরা একটি কিস্তির অর্থ পরিশোধ করে পরবর্তী কিস্তির অর্থ গ্রহণের সময় পূর্ববর্তী কিস্তির অর্থ দিয়ে সৃষ্ট সম্পদের বিবরণ উপজেলা পর্যায়ে নেই। ফলে প্রকল্পের অর্থ ব্যবহার করে উপকারভোগীদের কয়জনের অবস্থার উন্নয়ন ঘটেছে তার হিসাব পাওয়া যায়নি। ঋণ ব্যবহারকারীদের এবং তাঁদের সম্পদ পরিবৃদ্ধির একটি ডাটা বেইজ উপজেলা পর্যায়ে এবং কেন্দ্রীয় পর্যায়ে থাকা সমীচীন ছিল।

যে কয়েকজন উপকারভোগীর সাথে বলা হয়েছে তাদের মধ্যে কয়েকজনের বর্ণনা ফেইসহিস্টি আকারে নিম্নে তুলে ধরা হ'ল:

১২.১ কেস হিস্টি # ১:

নাম: আম্বিয়া বেগম, স্বামী: আবদুল ওহাব, গ্রাম: হাড়িখোলা, পোঃ ছয়ঘরিয়া, চান্দিনা, কুমিল্লা। উক্ত সদস্য ২৬/০৩/২০০৭ ইং তারিখে SFDA এর সদস্য পদ লাভ করে ৬০০০/- টাকা ঋণ গ্রহণের মাধ্যমে যাত্রা শুরু করে। গত ২৩/১২/২০১৪ ইং তারিখে সর্বোচ্চ ৩০০০০/- টাকা ঋণ গ্রহণ করে। দীর্ঘ আট বছর যাবত সদস্য থাকাকালীন সময়ে তিনি টাকা নিয়ে হাঁস -মুরগী পালন থেকে শুরু করে গরুপালনসহ কৃষিকাজ করে ব্যাপক উন্নতি সাধন করে ন। প্রথম অবস্থায় তার কুড়েঁ ঘর থাকলেও এখন তার টিনসেট চালসহ চারদিকে টিনের বেড়া। তিনি দুটি মেয়ে শিরিনা এবং জেসমিনকে দশম শ্রেণি পর্যন্ত লেখাপড়া শিখিয়েছেন। তাঁর ছেলেটি বর্তমানে ৫ম শ্রেণীতে পড় ছে। তিনি এখন আগের চেয়ে ভাল ও সচ্ছল অবস্থায় আছেন। তিনি ISFDF পরিচালিত হাঁস-মুরগী ও গরু পালনে তিনবার প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

১২.২ কেস হিস্টি # ২:

নাম: হাসমতি বেগম, স্বামী: রুহুল আমিন, গ্রাম: হাড়িখোলা, পো: ছয়ঘড়িয়া, উপজেলা: চান্দিনা, কুমিল্লা।হাসমতি বেগম ০৭/০৩/০৭ তারিখে SFDF এর সদস্য হিসেবে অর্ন্তভূক্ত হ ন এবং ১ম দফায় ৬০০০/- টাকা দিয়ে শুর করে সর্বশেষ ৩০/১২/১৪ তারিখে সর্বোচ্চ ৫০,০০০/- টাকা ঋণ গ্রহণ করেন। হাসমতি বেগমের বিয়ের প্রথম বছরই ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের সদস্য হন এবং এ টাকা দিয়ে ছাগল ক্রয় করেন। আস্তে আস্তে তিনি ভাড়া য় মৎস্য খামার নেন। বছরে বছরে SFDF এর কাছ থেকে ঋণের সিলিং বৃদ্ধি করে তাঁর মৎস্য ব্যবসাকে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলেন। এখন তিনি একটি পুকুরের মালিক। তাঁর একটি ছেলে আছে। তাকে স্কুলে ভর্তি করেছে ন। তিনি চান তাঁর ছেলে পড়ালেখা করে বড় হবে। তিনি SFDF থেকে দুই বার মৎস্য প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন।

১২.৩ কেস হিস্টি # ৩:

নাম: পারভীন বেগম, স্বামী: বজলু মিয়া, গ্রাম: হাড়িখোলা, পো: ছয়ঘড়িয়া, উপজেলা: চান্দিনা, কুমিল্লা।
পারভীন বেগমের স্বামী বজলু মিয়া একজন রিক্সাচালক। তিনি ০৭/০৩/২০০৮ ইং তারিখে SFDF এর ভর্তি হয়ে ৬০০০/- টাকা ঋণ নিয়ে হাঁসমুরগী পালন শুরু করেন। তিনি এ যাবৎ SFDF এর কাছ থেকে ৯ম বারের মত ঋণ নিয়েছে। তিনি হাড়িখোলা মহিলা দলের সভানেত্রী। তিনি SFDF এর কাছ থেকে ঋণের টাকা নিয়ে স্বামীকে রিক্সা ক্রয় করে দিয়েছে ন এবং ঋণের টাকা দিয়ে কিছু বন্ধকী জমি রেখেছেন। তাঁর মেয়েটিকে লেখাপড়া শিখিয়ে বিয়ে দিয়েছেন। তাঁর পুরোনো ঘরটি ভেঙ্গে নতুন একটি ঘর বাঁধতে পেরেছেন। SFDF এর কাছ থেকে স্বল্প সুদে ঋণ নিয়ে লাভজনক খাতে আয় করতে পেরেছেন। তাঁর একটিমাত্র ছেলে লেখাপড়া শিখতে পারছে। তিনি SFDF এর প্রশিক্ষণে অংশগ্রহণ করে অনেক কিছু জানতে পেরেছেন।

প্রকল্প হতে গ্রহীত ঋণে পরিচালিত আয়বর্ধনমূলক কার্যক্রমের কিছু স্থির চিত্র

প্রকল্প হতে গ্রহীত ঋণে পরিচালিত আয়বর্ধনমূলক কার্যক্রমের কিছু স্থির চিত্র

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থাঃ

ডিপিপি অনুযায়ী লক্ষ্য ও উদ্দেশ্য	প্রকৃত অগ্রগতি (পিসিআর এর তথ্য অনুসারে)
(ক) পল্লী অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের পুরুষ/মহিলাদেরকে উৎপাদন, আত্ম-কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের মাধ্যমে তাঁদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনে জামানত বিহীন ক্ষুদ্রঋণ প্রদান।	(ক) ৩১৮১টি গ্রাম ভিত্তিক কেন্দ্রের আওতায় ৭৯৫২৭ জন নারী এবং পুরুষকে সদস্যভূক্ত করা হয়েছে। সদস্যভূক্ত ৭৯৫২৭ জন নারী এবং পুরুষকে বিভিন্ন আয় বর্ধনমূলক কার্যক্রমে ২৩৪৯৯.৮২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং এ সকল সদস্য বিভিন্ন সরকারি এবং বেসরকারি সংস্থা থেকে তাদের কার্যক্রমে সব ধরণের পরামর্শ পেয়েছেন।
(খ) প্রকল্পের সুফলভোগীদেরকে (পুরুষ/মহিলা) সাপ্তাহিক সঞ্চয় আমানত জমাকরণের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে উদ্বুদ্ধকরণ ও উৎসাহদান।	(খ) সাপ্তাহিক সঞ্চয় জমার মাধ্যমে ৭৯৫২৭ জন সদস্য ১৭৬৯.০০ লক্ষ টাকা নিজস্ব পুঁজি গঠন করতে সক্ষম হয়েছেন।
(গ) সুফলভোগী সদস্য/সদস্যাগণকে উৎপাদন, আত্ম-কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার বিষয়ে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণদান।	(গ) প্রকল্পের মাধ্যমে ৫১৫০ জন সুফলভোগী নারী এবং পুরুষকে কৃষি এবং অকৃষি খাতে ঋণ বিনিয়োগে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন আয় বর্ধনমূলক কার্যক্রম (মৎস্য চাষ, হাঁসমুরগী, গবাদিপশু পালন)-এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
(ঘ) সুফলভোগী সদস্য/ সদস্যাগণকে অর্থনৈতিক কার্যক্রমের পাশাপাশি সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম যেমন-ছেলে মেয়েদের শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ ইত্যাদি কার্যক্রমে উদ্বুদ্ধকরণ ও উৎসাহদান।	(ঘ) প্রকল্প মেয়াদে ৭৯৫২৭ জন সুফলভোগী সদস্যকে অর্থনৈতিক কার্যক্রমের পাশাপাশি সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম যেমন-ছেলেমেয়েদের শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ ইত্যাদি কার্যক্রমে উদ্বুদ্ধকরণ ও উৎসাহ প্রদান করা হয়েছে।
(ঙ) ফাউন্ডেশনের আর্থিক ও ব্যবস্থাপনাগত সক্ষমতা উন্নয়ন।	(ঙ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বিদ্যমান নিয়মনীতি অনুসরণে আবর্তক ঋণ তহবিল ব্যবহার করা হয়েছে। বিতরণকৃত ঋণ হতে প্রকল্প মেয়াদে ১৮৯২১.৮৫ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে এবং সার্ভিস চার্জ বাবদ এ মেয়াদে আয় হয়েছে ২০৮১.৪০ লক্ষ টাকা যা ফাউন্ডেশনের অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক হয়েছে।

১৪। বাস্তবায়ন সমস্যাঃ প্রকল্পের বাস্তবায়নজনিত উল্লেখযোগ্য কোন সমস্যা পরি লক্ষিত হয়নি। তবে, সুফলভোগীদের সাথে প্রকল্পের জনবলের বিশেষ করে মাঠপর্যায়ের জনবলের ঋণ প্রদান ও ঋণ আদায় জনিত সম্পর্ক ব্যতীত সম্পর্কের বহুমুখীতা যেমন- শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ইত্যাদি দিকে ভাল কোন উদ্যোগ চোখে পড়েনি। ফলে সুফলভোগীদের আর্থিক উন্নয়ন যতটুকু ঘটছে তার সাসটেইনেবিলিটির বিষয়ে সংশয় রয়ে যাচ্ছে। প্রকল্পের ডিজাইনিং এ ত্রুটি রয়েছে। যেমন: বিভিন্ন উপজেলায় বিক্ষিপ্তভাবে ১/২টি কেন্দ্র না নিয়ে যে উপজেলাকে প্রকল্পভূক্ত করা হবে তার দরিদ্র জনসংখ্যার ভিত্তিকে কাম্য সংখ্যায় কেন্দ্র নিয়ে প্রকল্প ডিজাইন করা হয়নি। ফলে জনবলের ব্যবহারও কাম্যমাত্রায় করা সম্ভব হয়নি।

১৫। সুপারিশঃ

১৫.১ সার্বিক বিবেচনায় প্রকল্পটি দারিদ্র্য বিমোচনে ভূমিকা রয়েছে বলা যায়। এ পরিপ্রেক্ষিতে প্রকল্পটির পরবর্তী পর্যায় গ্রহণ করা হলে দারিদ্র্য বিমোচনে সরকারের লক্ষ্যমাত্রা পূরণে সহায়ক হবে;

১২.২ প্রকল্পের সুফলভোগীদের মাঝে শুধু ঋণ বিতরণ ও ঋণ আদায়ের জন্য প্রকল্পের মাঠ পর্যায়ের জনবলকে সম্পৃক্ত না রেখে রেখে জাতিগঠনমূলক বিভিন্ন বিভাগের সাথে সুফলভোগীদের সংযোগস্থাপন ও মনিটরিং কাজে যুক্ত করা যেতে পারে। এতে সুফলভোগীদের আর্থিক উন্নয়ন টেকসই হবে;

১৫.৩ বিভিন্ন উপজেলায় বিক্ষিপ্তভাবে প্রকল্প গ্রহণ না করে একটি উপজেলায় দরিদ্র জনগোষ্ঠির কাম্যসংখ্য এ প্রকল্পভূক্ত করা সমীচীন হবে। এক্ষেত্রে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অন্যকোন প্রকল্পের কার্যক্রম এ বিভা গে পরিচালনা সমীচীন হবে না। এতে ওভার লোডিং সমস্যা দূর হবে; এবং

১৫.৪ পরবর্তীতে এধরণের প্রকল্প গ্রহণ করা হলে সুফলভোগীদের উন্নয়ন চিত্র ডাটা বেইজে সংরক্ষণ করা সমীচীন হবে। এর ফলে প্রকল্পের মনিটরিং ও মূল্যায়ন সহজ হবে।

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে প্রশিক্ষণ, গবেষণা ও প্রয়োগিক গবেষণা জোরদারকরণ (১ম সংশোধিত)

প্রকসমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৪)

১। প্রকল্পের নাম : **পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে প্রশিক্ষণ, গবেষণা ও প্রয়োগিক গবেষণা জোরদারকরণ(১ম সংশোধিত) প্রকল্প**

২। **নির্বাহী সংস্থা** : পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়** : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৪। **প্রকল্পের অবস্থান** : পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১২৩৮.৬৪	২৯৬৫.৩৭	২৯৫০.৫৭	জুলাই, ২০০৯ হতে জুন, ২০১২	জুলাই, ২০১২ হতে জুন, ২০১৪	জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪	১৩৯.৪০%	৭৫%

৬। অংগভিত্তিক অগ্রগতি: পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রকল্পের প্রয়োজনীয় কোন অংগের কাজ অসামাপ্ত নেই।

৮। মূল্যায়ন পদ্ধতি (**Methodology**): আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে;

- PSC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- ডিপিপি পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- স্টিয়ারিং কমিটির কার্যবিবরণী পর্যালোচনা;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৯। প্রকল্পের উদ্দেশ্য :

বাংলাদেশের পল্লী উন্নয়ন তরান্বিত করার জন্য প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার উন্নয়ন এবং পল্লী উন্নয়ন একাডেমী বগুড়া'র ভৌত অবকাঠামো সুবিধাদি সম্প্রসারণ ও উন্নতকরণ করা এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

৯.১ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য :

- প্রশিক্ষণ ও গবেষণার মানোন্নয়নের জন্য একাডেমীর ভৌত অবকাঠামোগত সুবিধা জোরদারকরণ;
- মানব সম্পদ উন্নয়নে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;
- পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ; এবং
- সমজাতীয় প্রতিষ্ঠানসমূহের সাথে সহযোগিতা গড়ে তোলা।

১০। প্রকল্পের পটভূমি :

১০.১ পল্লী উন্নয়ন ব্যতীত গ্রাম প্রধান বাংলাদেশের সার্বিক উন্নয়ন চিন্তা করা যায় না। এ কারণে দেশের উন্নয়ন পরিকল্পনায় পল্লী উন্নয়নকে সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে। পল্লী উন্নয়ন ত্বরান্বিত করতে গ্রামীণ সমস্যা চিহ্নিতকরণ এবং সেগুলোর সঠিক সমাধানের জন্য প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন জরুরী। এ বাস্তবতার নিরিখে ১৯৭৪ সালে দেশের উত্তরাঞ্চলে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া প্রতিষ্ঠা করা হয়। জন্মলগ্ন থেকেই পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া পল্লী উন্নয়ন কর্মকান্ডের সাথে জড়িত সরকারী কর্মকর্তা/কর্মচারী, সমবায়ী, কৃষক এবং জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান এবং পল্লী উন্নয়নের বিভিন্ন সমস্যার উপর গবেষণা ও প্রায়োগিক গবেষণা পরিচালনা করে আসছে। প্রায়োগিক গবেষণার ক্ষেত্রে একাডেমী ইতোমধ্যে দেশে ও বিদেশে যথেষ্ট পরিচিতি ও সুনাম অর্জন করেছে।

১০.২ আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন করতে একাডেমী স্ব-উদ্যোগে কৃষি প্রযুক্তি ও সামাজিক বিষয়ের উপর স্ব-অর্থায়িত দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির কোর্স চালু করেছে। এ কোর্সগুলোর মাধ্যমে অল্প শিক্ষিত এবং বেকার যুবক ও নারীদের অংশগ্রহণকে উৎসাহিত করা হয়। সারাদেশে একাডেমীর কর্মপরিধি ব্যাপকভাবে প্রসারের ফলে একাডেমীর জনশক্তিও বৃদ্ধি করা হয়েছে। বিশেষ করে বঙ্গবন্ধু সেতু নির্মাণের পর থেকে একাডেমীর কর্মপরিধি কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। দেশের পূর্বাঞ্চলের সাথে সহজ যোগাযোগের কারণে গবেষণা, প্রশিক্ষণ, সেমিনার কিংবা কর্মশালা আয়োজন সংক্রান্ত একাডেমীর কর্মপরিধি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে একাডেমী একটি ক্রমবর্ধমান প্রতিষ্ঠান যার কর্মকান্ড শুধু দেশের মধ্যে সীমাবদ্ধ না রেখে অভিজ্ঞতা, দক্ষতা ও মতামত আদান-প্রদানের জন্য বিদেশী সমপর্যায়ের প্রতিষ্ঠানের সাথে একযোগে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষাপটে একাডেমীর প্রশিক্ষণ সক্ষমতা, পল্লী উন্নয়ন বিষয়ে গবেষণা এবং প্রায়োগিক গবেষণা উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়।

১১। প্রকল্পের সংশোধন ও অনুমোদন : প্রকল্পটি ১২৩৮.৬৪ লক্ষ টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৯ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং ২৭/১২/২০১২ খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন দেয়। পরবর্তীতে প্রকল্পটিকে ২৯৬৫.৩৭ লক্ষ টাকায় সংশোধন করা হয় যা ১৩/১১/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। যথাসময়ে প্রকল্পের কাজ সম্পাদন না হওয়ায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করে জুন , ২০১৪ পর্যন্ত নির্ধারণ করা হয়।

১২। প্রকল্পের মূল কার্যক্রম:

প্রকল্পের মূল কার্যক্রম হলোঃ

- লিফটসহ আধুনিক হোস্টেল (১০ তলা ফাউন্ডেশন ৭ম তলা নির্মাণ);
- সিনিয়র অনুষদ কোয়ার্টার (১০ তলা ফাউন্ডেশন ৫ম তলা নির্মাণ);
- নার্সারী সেড নির্মাণ;
- লাইব্রেরী ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ (৪র্থ তলা অর্থাৎ ৩৭৫ বর্গমিটার নির্মাণ);
- ব্যাংক বিল্ডিং এর উর্দ্ধমূখী সম্প্রসারণ (২য় তলা অর্থাৎ ২৫৮ বর্গমিটার নির্মাণ);
- গার্ড কোয়ার্টার ৪র্থ তলা ফাউন্ডেশন শুধুমাত্র ১ম তলা নির্মাণ এবং সুইপার কোয়ার্টার ৪র্থ তলা ফাউন্ডেশন শুধুমাত্র ২য় তলা নির্মাণ;
- ফার্মের রেফ্রিজারেটড স্টোরেজ, টিস্যুকালচার ল্যাব উর্দ্ধমূখী সম্প্রসারণ (৪র্থ তলা বা ১০০ বর্গমিটার নির্মাণ কাজ);
- এছাড়াও পূর্বের স্থাপিত অবকাঠামোসমূহের সংস্কার ও মেরামত;
- আরডিএ লিয়াজোঁ অফিস/গেস্ট হাউস (ঢাকা) ক্রয়;
- যানবাহন: (১টি প্রগতির জীপ ও ২টি ট্রেনিং বাস) সরবরাহ;
- গবেষণা ও প্রায়োগিক গবেষণা; এবং
- আয়বর্ধনমূলক কর্মকান্ডের প্রশিক্ষণ।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব মাহমুদ হোসেন খান	যুগ্ম-পরিচালক	খন্ডকালীন	০২/০২/২০১০ হতে ৩০/০৬/২০১৪

১৪। প্রকল্প পরিদর্শন :

গত ০৬/১১/২০১৫ তারিখে আইএমইডি'র মহাপরিচালক জনাব মোঃ সি দ্দিকুর রহমান এবং উপ -পরিচালক জনাব পরিমল চন্দ্র বসু এবং সহকারী পরিচালক মিস্ লসমী চাকমা কর্তৃক প্রকল্পটি পরিদর্শিত হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব মাহমুদ হোসেন খান ও আরডিএ'র অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

১৫। সাধারণ পর্যবেক্ষণ:

১৫.১ প্রকল্পের আওতায় মোট ১৭৮০ বর্গমিটার আয়তন সম্পন্ন ১০ তলা ভিত্তি সম্পন্ন ৫ তলা সিনিয়র ফ্যাকাল্টি কোয়ার্টারের নির্মাণ করা হয়েছে। ভবন নির্মাণের গুনগত মান সম্পর্কে অর্থাৎ ভবন নির্মাণের ব্যবহৃত রড সিমেন্ট , ইট, পাথর ইত্যাদি সম্পর্কে এ পর্যায়ে মন্তব্য করা সম্ভব নয়। পরি দর্শনকালে দেয়ালে সিমেন্টে ও বালুর পরিমান সঠিক মাত্রায় দেয়া হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। তবে বাথরুম ফিটিংস, দরজা, লক সিস্টেম ইত্যাদি খুব নিম্নমানের দেয়া হয়েছে।

১৫.২ প্রকল্পের আওতায় মোট ৪৯০ বর্গমিটার আয়তন সম্পন্ন ০৪ তলা ভিত্তি বিশিষ্ট ০১ তলা সম্পন্ন গার্ড ও সুইপার কোয়ার্টার নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে কাজের গুনগতমান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৫.৩ প্রকল্পের ২৫৮ বর্গমিটার আয়তন সম্পন্ন দুইতলা ভিত্তি বিশিষ্ট পূর্বে স্থাপনকৃত ০১ তলা জনতা ভবনের উপরে আরও ০১ তলা নির্মাণ করা হয়েছে।

১৫.৪ মোট ১০০ বর্গমিটার আয়তন সম্পন্ন পূর্বে স্থাপনকৃত ০৪ তলা ভিত্তি বিশিষ্ট ০৩ তলা সম্পন্ন ফার্ম ভবনের উপরে ০১ তলা রেফ্রিজারেটেড স্টোরেজ ও টিস্যুকালচার ল্যাব উর্ধ্বমূখী সম্প্রসারণ এবং নার্সারী সেড নির্মান কাজ পরিদর্শন করা হয়েছে। নির্মাণ শেষ পর্যায়ে উক্ত ভবনগুলোর ভৌত নির্মাণ কাজের গুনগত মান সম্পর্কে সুনির্দিষ্ট ভাবে মন্তব্য করা সম্ভব নয়। তবে বাহ্যিকভাবে নির্মাণ কাজ ভাল মর্মে প্রতীয়মান হয়েছে।

১৫.৫ প্রকল্পের আওতায় মোট ৩০৫৯ বর্গমিটার আয়তন সম্পন্ন ১০ তলা ভিত্তি বিশিষ্ট ০৭ তলা মর্ডান হোস্টেল ভবন নির্মাণ করা হয়েছে। ভবনটির দরজা, লক সিস্টেম, ছিটকানি, টয়লেটের কমোট ইত্যাদি খুব নিম্নমানের দেখা গেছে। প্রকল্পটি জুন, ২০১৫ মাসে শেষ হয়েছে কিন্তু এর মধ্যে দরজার লক নষ্ট হয়ে গেছে। দরজার কাঠও নিম্নমানের দেয়া হয়েছে। এ ছাড়াও হোস্টেল ভবনের কক্ষসমূহের দেয়ালে ড্যাম পরিলক্ষিত হয়েছে।

১৫.৬ প্রকল্পের আওতায় মোট ৬৯৯ বর্গমিটার আয়তন সম্পন্ন ১০ তলা ভিত্তি বিশিষ্ট ০৩ তলা সম্পন্ন আইটি ভবন নির্মাণ কাজ পরিদর্শিত হয়েছে। পরিদর্শনকালে কাজের গুনগতমান ভাল ও সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৫.৭ মোট ৩৭৫ বর্গমিটার আয়তন সম্পন্ন পূর্বে স্থাপনকৃত ০৪ তলা ভিত্তি বিশিষ্ট ০৩ তলা নির্মিত ভবনের উপরে ০১ তলার নির্মাণ কাজ পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে কাজের গুনগতমান ভাল ও সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৬। **সমস্যা:**

প্রকল্পের আওতায় নির্মিত মডার্ন হোস্টেল ভবনটি বিদেশ হতে আগত প্রশিক্ষণার্থী ও গবেষকদের বাসস্থান হিসেবে নির্মাণ করা হয়েছে। কিন্তু উক্ত ভবনটির বাথরুম ফিটিংস, দরজা, জানলা আন্তর্জাতিক মানের নয় যা দেশের ভাবমূর্তিকে ক্ষুন্ন করবে।

১৭। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির অনুমোদিত ব্যয় ২৯৬৫.৩৭ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই , ২০০৯ হতে জুন, ২০১৪ পর্যন্ত। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী জুন, ২০১৪ পর্যন্ত ২৯৫০.৫৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০%।

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

লক্ষ্য	অর্জন (পিসিআর অনুযায়ী)	মন্তব্য
দেশের পল্লী উন্নয়ন তরান্বিত করার জন্য প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার উন্নয়ন এবং পল্লী উন্নয়ন একাডেমী বগুড়া'র ভৌত অবকাঠামো সুবিধাদি সম্প্রসারণ ও উন্নত করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলি হলে যথাঃ প্রশিক্ষণ ও গবেষণার মানোন্নয়নের জন্য একাডেমীর ভৌত অবকাঠামো সুবিধাদি জোরদারকরণ, মানব সম্পদ উন্নয়নে প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ, পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং সমজাতীয় প্রতিষ্ঠানসমূহের সাথে সহযোগিতা গড়ে তোলা।	পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র প্রশিক্ষণ, গবেষণা ও প্রয়োগিক গবেষণার উন্নয়নের পাশাপাশি একাডেমীর ভৌত অবকাঠামো সুবিধাদি সম্প্রসারণ ও উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ফলে একাডেমীতে দেশী-বিদেশী প্রশিক্ষণসহ বিভিন্ন সেমিনার, ওয়ার্কসপ অনুষ্ঠিত হচ্ছে যা পল্লী উন্নয়ন বিষয়ক গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।	প্রকল্পটির আওতায় বাস্তবায়িত সকল কাজ পরিদর্শন করা সম্ভব হয়নি। পরিদর্শিত ভবনগুলোর দরজা, লক সিস্টেম, ছিটকানি, টয়লেটের কমোট, এসি ইত্যাদির গুণগত মান সন্তোষজনক প্রতীয়মান হয়নি।

১৯। সুপারিশ :

১৯.১ মডার্ন হোস্টেল ভবনের নিম্ন মানের রাথরুম ফিটিংস, দরজা, লক সিস্টেম ইত্যাদি জরুরী ভিত্তিতে প্রতিস্থাপন করতে হবে;

১৯.২ প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহের দরজা, লক সিস্টেম, ছিটকানি, টয়লেটের কমোট, এসি ইত্যাদি নিম্নমানের গ্রহণের বিষয়ে প্রকল্প পরিচালকের ব্যাখ্যা জানা যেতে পারে;

১৯.৩ প্রকল্পের আওতায় নির্মিত বিভিন্ন ভবনের স্থায়ীত্বের জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ খাতে বরাদ্দ রাখার বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন;

১৯.৪ সংশোধন করে প্রকল্প ব্যয় অস্বাভাবিক ব্যয় বৃদ্ধির প্রবণতা পরিহার করতে হবে; এবং

১৯.৫ প্রকল্পটির External Audit সম্পাদন এবং উপ-অনুচ্ছেদ : ১৯.১ ও ১৯.৪ এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহিত পদক্ষেপ আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

পরিশিষ্ট-ক

(লক্ষ টাকায়)

অঙ্গের বিবরণ (আরডিপিপি)	পরিমান/ সংখ্যা	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব ব্যয়:						
সরবরাহ ও সেবা:						
ভ্রমণ ব্যয়	থোক	১০.০০	গুচ্ছ	৯.৯৫	গুচ্ছ	
পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	১৫.০০	গুচ্ছ	১৪.৯৫	গুচ্ছ	
স্টেশনারী	থোক	১০.০০	গুচ্ছ	৯.৯৯	গুচ্ছ	
খেলা-ধুলা সামগ্রী ক্রয়	থোক	৪.০০	গুচ্ছ	৩.৯৯	গুচ্ছ	
কন্সালটেন্সী (ডিজাইন, এস্টিমেট, সিডিউল তৈরী, নির্মাণ কাজ তত্ত্বাবধান ইত্যাদি)	থোক	২৫.০০	গুচ্ছ	২৪.৯৬	গুচ্ছ	
সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক	থোক	২৫.০০	গুচ্ছ	২৪.৯৭	গুচ্ছ	
কম্পিউটার সামগ্রী ক্রয়	থোক	৬.০০		৫.৯৯	গুচ্ছ	
অন্যান্য ব্যয়	থোক	৬.০০	গুচ্ছ	৫.৯৯	গুচ্ছ	
উপ-মোট (সরবরাহ ও সেবা):		১০১.০০		১০০.৭৯		
মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন:						
পরিবহন	থোক	১০.৩০		১০.২৮		
আসবাবপত্র	থোক	৫.০০		৪.৯৩		
কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	৯.২০		৯.১৮		
অফিস ভবন						
ক) লাইব্রেরী ভবন মেরামত	১০৭২ বঃমিঃ	১১.৫০	১০৭২	১১.৪৯	১০৭২	
খ) প্রশাসনিক এবং ফ্যাকাল্টি ভবন মেরামত	১৪৫৫ বঃমিঃ	১৭.২৫	১৪৫৫	১৭.২৩	১৪৫৫	
গ) ক্যাফেটেরিয়া ভবন মেরামত	৫৩০ বঃমিঃ	৫.৭৫	৫৩০	৫.৭৪	৫৩০	
আবাসিক ভবন						
ক) হোস্টেল ভবন মেরামত	১৬৩৪ বঃমিঃ	৩১.০৫	১৬৩৪	৩০.৬৬	১৬৩৪	
খ) আবাসিক ভবন মেরামত	২১৬০ বঃমিঃ	৪০.০০	২১৬০	৩৯.৯৯	২১৬০	
গ) করিডোর, ড্রেন, রাস্তা মেরামত	১৪০২ বঃমিঃ	৪৬.০০	১৪.০২	৪৫.৭০	১৪০২	
উপ-মোট (মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন):		১৭৬.০৫	৮২৫৩	১৭৫.২২	৮২৫৩	
মোট (রাজস্ব):		২৭৭.০৫	৮২৫৩	২৭৬.০১	৮২৫৩	
(খ) মূলধন ব্যয়:						
সম্পদ সংগ্রহ ও ক্রয়ঃ						
লিয়াজোঁ অফিস/গেস্ট হাউস (ঢাকা)	১৪৮ বঃমিঃ	২৫০.০০	১	২৪৯.৯৭	১	
যানবাহন:						
ক) জীপ	১	৭৫.০০	১	৭৫.০০	১	
খ) ট্রেনিং বাস	২	১৫০.০০	২	১৪৮.০০	২	
যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি:						
ক) মেশিনারী এন্ড ইক্যুইপমেন্ট	থোক	৩৪.০০		৩৩.৯৭		

অঙ্গের বিবরণ (আরডিপিপি)	পরিমান/ সংখ্যা	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭
খ) মেডিকেল যন্ত্রপাতি	থোক	৩৪.০০		৩৪.০০		
গ) ইংলিশ ল্যাংগুয়েজ ল্যাব	থোক	২০.০০		১৯.৯৫		
ঘ) কম্পিউটার ট্রেনিং ল্যাব	থোক	৫১.৭৫		৫১.৬৯		
ঙ) আইটি সেন্টারের যন্ত্রপাতি	থোক	৫৯.০০		৫৮.৮৬		
চ) প্রশিক্ষণ সামগ্রী, কম্পিউটার সফটওয়্যার	থোক	২৮.৭৫		২৮.৭২		
ছ) হোস্টেলের জন্য আসবাবপত্র	থোক	৪০.২৫		৪০.১৭		
জ) বৈদ্যুতিক নেটওয়ার্ক উন্নয়ন	থোক	৩২.০০		৩১.৯৭		
উপ-মোট (সম্পদ সংগ্রহ ও ক্রয়)		৭৭৪.৭৫	৪	৭৭২.২৭	৪	
নির্মাণ ও পূর্ত:						
অফিস বিল্ডিং:						
ক) আধুনিক হোস্টেল ভবণ	বঃমিঃ	৭৩৫.০০	৩০৫৯	৭৩৪.৭৮	৩০৫৯	
খ) ফার্ম-হিমাগার, টিস্যুকালচার ল্যব, নার্সারী শেড	বঃমিঃ	৪৫.০০	১০০	৪৪.৯৪	১০০	
গ) লাইব্রেরী ভবণের উলম্ব সম্প্রসারণ	বঃমিঃ	২৮.০০	৩৭৫	২৭.৯৮	৩৭৫	
ঘ) ব্যাংক ভবণের উলম্ব সম্প্রসারণ	বঃমিঃ	২০.০০	২৫৮	১৯.৯৩	২৫৮	
ঙ) কৃষি পণ্য প্রসেসিং সেন্টার উর্ধমূখী সম্প্রসারণ	বঃমিঃ	২৩.০০	২৫০	২২.৯২	২৫০	
চ) আইটি সেন্টার ভবন	বঃমিঃ	১৩৪.৫৫	৬৯৯	১৩৪.৫৫	৬৯৯	
আবাসিক বিল্ডিং:						
ক) সিনিয়র ফ্যাকাল্টি ভবন	বঃমিঃ	৩৩২.০০	১৭৮০	৩৩০.২৬	১৭৮০	
খ) গার্ড ও সুইপার ভবন	বঃমিঃ	৭০.০০	৪৯০	৬৯.৮৯	৪৯০	
অন্যান্য ভবন অবকাঠামো:	বঃমিঃ					
ক) লিংক রোড	বঃমিঃ	৪০.২৫	২৮৯৩	৪০.০২	২৮৯৩	
খ) ফুট পাথের কাজ	বঃমিঃ	১৩.৮০	২৮৭৩	১৩.৭৬	২৮৭৩	
গ) কেন্দ্রীয় গুদাম ও অফিসার্স ক্লাব ভবন	বঃমিঃ	৪৫.০০	৬০৭	৪৪.৯৮	৬০৭	
ঘ) গ্যাস সংযোগ	থোক	১২৫.০০		১২৪.৯৭		
ঙ) ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন	থোক	২৮.৭৫		২৮.৪৬		
উপ-মোট (নির্মান ও পূর্ত):		১৬৪০.৩৫	১৩৩৮৪	১৬৩৭.৪৪	১৩৩৮৪	
মূলধন থোক ও বিবিধ মূলধন ব্যয়:						
ক) গবেষণা পরিচালনা	২০	৫০.০০	২০	৪৯.৯৯	২০	
খ) প্রায়োগিক গবেষণা পরিচালনা	১০	১০০.০০	১০	৯৯.৯২	১০	
গ) আয় বর্ধনমূলক প্রশিক্ষণ	২৬৫০	১১৫.০০	২৬৫০	১১৪.৯৪	২৯৮৫	
উপ-মোট (মূলধন থোক ও বিবিধ মূলধন ব্য		২৬৫.০০	২৬৮০	২৬৪.৮৫	৩০১৫	
মোট (মূলধন)		২৬৮০.১০	১৬০৬৮	২৬৭৪.৫৬	১৬৪০৩	
সর্বমোট (ক+খ)		২৯৫৭.১৫	২৪৩২১	২৬৫০.৫৭	২৪৬৫৬	
প্রাইজ কন্টিনজেন্সি (৩%)		৮.২২				
সর্বমোট =		২৯৬৫.৩৭	২৪৩২১	২৬৫০.৫৭	২৪৬৫৬	